



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ২২/ক/স্বী/৯৮(অংশ-১)/৭১৬

তারিখ: ২৯/০৫/২০১৯

বিষয়: কমলাপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ- কে বাধ্যতামূলক ছুটি প্রদান প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষ, কমলাপুর স্কুল এন্ড কলেজ, ঢাকা এর ১৫/০৪/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১ তারিখের স্মারক নং-শিম/শা১১/১০-১১/২০০৯/১৭১-এ জারিকৃত প্রজ্ঞাপনে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯” এর ৪১(২)(খ)৪ অনুযায়ী ‘ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবলমাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরনের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না।

যেহেতু এডহক কমিটির নিয়োগ দেয়ার এখতিয়ার নেই সেহেতু কোন শিক্ষকের বরখাস্ত অথবা বাধ্যতামূলক ছুটিতে পাঠানো এডহক কমিটির এখতিয়ার বহির্ভূত। কমলাপুর স্কুল এন্ড কলেজের চলমান এডহক কমিটি কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানোর বিষয়টি অনভিপ্রেত ও প্রবিধানমালা, ২০০৯ এর পরিপন্থি।

এমতাবস্থায়, কমলাপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বাধ্যতামূলক ছুটিতে পাঠানোর মতো স্পর্শকাতর সিদ্ধান্ত নেয়ায় প্রতিষ্ঠানটির চলমান এডহক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না, তার কারণ পত্র জারির ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি

এডহক কমিটি

কামলাপুর স্কুল এন্ড কলেজ (১০৮৩৯৩)

কমলাপুর, ঢাকা

মেমো নং- ৭১৬(২)

তারিখ: ২৯/০৫/২০১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অধ্যক্ষ, কামলাপুর স্কুল এন্ড কলেজ কমলাপুর, ঢাকা
২. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩. অফিস কপি

২৯/০৫/১৯

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা